

**হোমিওপ্যাথিক কলেজ
খুলে দেয়ার
আহ্বান**

।। স্টাফ রিপোর্টার ।।

মীরপুর সরকারী হোমিওপ্যাথ ডিগ্রী কলেজ ছাত্র ঐক্য পরিষদের আহ্বায়ক মোস্তাক আহমেদ অবিলম্বে বন্ধ ঘোষিত হোমিওপ্যাথ কলেজ খুলে দেয়া এক কলেজকে বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত করার দাবী জানিয়েছেন।

গতকাল সোমবার প্রেস ক্লাবের সামনে হোমিওপ্যাথ ছাত্র ঐক্য পরিষদ আয়োজিত এক বিক্ষোভ সমাবেশ থেকে এ দাবী জানানো হয়। মোস্তাক আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত শেষ পৃষ্ঠায় ৪র্থ কলামে



হোমিওপ্যাথিক কলেজ

প্রথম পৃষ্ঠার পর

সমাবেশে প্রধান বক্তা ছিলেন হোমিওপ্যাথ পেশাজীবী সমিতির সাধারণ সম্পাদক ডাঃ আব্দুর রাক্কাক তালুকদার। বক্তব্য রাখেন ডাঃ আমানউল্লাহ জিকু, ওবায়দুল হক খান, শেখ শহিদুল ইসলাম, ইমরুল কায়েস ও মোহসেনা খানম।

বক্তারা বলেন, কলেজটিতে ১৯৮৯-৯০ সেশনে প্রথম ব্যাচ এবং ১৯৯০-৯১ সেশনে দ্বিতীয় ব্যাচে ছাত্র-ছাত্রী ভর্তি করা হয়। সেশন অনুযায়ী প্রথম ব্যাচের প্রথম প্রফেশনাল পরীক্ষা চলতি বছরের জুন-জুলাই মাসে হওয়ার কথা অথচ মীরপুর হোমিওপ্যাথ কলেজ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত না হওয়ায় ভর্তিকৃত শিক্ষার্থীরা রেজিস্ট্রেশন পায়নি। এতে নির্ধারিত পরীক্ষা অনিশ্চিত হয়ে পড়েছে। এ সেশনজট, পরীক্ষা ও রেজিস্ট্রেশন জটিলতা সম্পর্কে কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ও প্রকল্প পরিচালক মেজর (অবঃ) আব্দুর রউফ মাহমুদের সাথে যোগাযোগ করে সন্তোষজনক সমাধান পায়নি বলে বক্তারা জানান। গত ২৮শে সেপ্টেম্বর একাডেমিক কাউন্সিল ও শিক্ষকদের সাথে মিটিং-এর পর কলেজ কর্তৃপক্ষ ২৯শে সেপ্টেম্বর থেকে অনির্দিষ্টকালের জন্য কলেজ বন্ধ ঘোষণায় শিক্ষার্থীরা বিস্মিত ও ক্ষুব্ধ উল্লেখ করে সমাবেশে বক্তারা বলেন, ৪৮ ঘন্টার মধ্যে বন্ধ ঘোষিত মীরপুর হোমিওপ্যাথ ডিগ্রী কলেজ খুলে না দিলে ছাত্ররা বৃহত্তর আলোচনায় নামতে বাধ্য হবে। সমাবেশ শেষে একটি বিক্ষোভ মিছিল বের করা হয়।